কালের কণ্ঠ

তারিখ 17 MAY 2015
পৃষ্ঠা ...৬... কলাম ...৭...

# বিশ্বসাহিত্য কেন্দ্রে ৩০ হাজার বই দিল বিকাশ

বাণিজ্য ডেস্ক ▷

স্কুল ও কলেজের ছাত্রদের জন্য পরিচালিত বই পড়া কর্মসূচিতে সহায়তা করতে বিশ্বসাহিত্য কেন্দ্রকে ৩০ হাজার বই দিয়েছে মোবাইলে আর্থিক সেবাদানকারী প্রতিষ্ঠান বিকাশ। বিকাশ থেকে প্রাপ্ত এই বই ৪০০টি স্কুলে প্রতিবছর ৩০ হাজার শিক্ষার্থীর কাছে পৌঁছে দেওয়া হবে। এই বই পড়া কর্মসূচি ষষ্ঠ থেকে দশম শ্রেণিতে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য পরিচালিত হবে। এই কর্মসূচির আওতায় গতকাল বিশ্বসাহিত্য কেন্দ্র বিকাশের সহযোগিতায় রাজধানীর মতিঝিলে অবস্থিত আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের ছাত্রদের জন্য এই কর্মসূচির উদ্বোধন করা হয়।

বেসামরিক বিমান ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন এমপি প্রধান অতিথি হিসেবে এই কর্মসূচির উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিকাশের প্রধান নির্বাহী কর্মকর্তা কামাল কাদীর বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা সভাপতি ও প্রধান নির্বাহী অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদের হাতে অনুদানের বইগুলো তুলে দেন। অনুষ্ঠানে উভয় প্রতিষ্ঠানের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।